গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়
সাধারণ বীমা ভবন, সিএন্ডবি মোড়, রাজশাহী
অডিট, আইন ও সমিতি শাখা
www.coop.rajshahidiv.gov.bd

" বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন "

**স্মারক নম্বর:** ৪৭.৬১.০০০০.২৪৩.২০.০০১.২০.১০৭৬

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০
১৪ মে ২০২৩

বিষয়: **সমবায় সমিতির বার্ষিক বাজেট অনুমোদন প্রসঙ্গে।**

সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধীত ২০২০) এর ১৮ বিধি মোতাবেক প্রত্যেক সমবায় সমিতি প্রতি সমবায় বর্ষের বার্ষিক বাজেট সমবায় বর্ষ শুরু হওয়ার আগেই সাধারণ সভার অনুমোদন গ্রহণ করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধকের অনুমোদন গ্রহণ করবে। সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৭ (৩) ধারা মোতাবেক সমিতির নিরীক্ষা সম্পাদনের ৬০(ষাট) দিনের মধ্যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করবে।

২। সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৭ (৪)(ঙ) ধারা মেতাবেক বার্ষিক সাধারণ সভায় অথবা সমবায় অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৩৩৯ তারিখ ১৯/১১/২০১৩ মোতাবেক বিশেষ সাধারণ সভায় সমিতির বার্ষিক বাজেট অনুমোদনের সুযোগ রয়েছে। সাধারণ সভায় অনুমোদন এবং প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধকের অনুমোদন ব্যতীত সমিতির অর্থ ব্যয় করার কোন সুযোগ নাই। এ সত্ত্বেও সমবায় সমিতিগুলো সমবায় বর্ষ আরম্ভ হওয়ার পর নিবন্ধকের অনুমোদনের জন্য বাজেট প্রস্তাব দাখিল করে থাকেন, যা কোনভাবেই বৈধ নয়। বর্ষ শুরুর আগেই বাজেট অনুমোদন গ্রহণ বাঞ্ছনীয়। বর্ণিত প্রেক্ষাপটে অনুষ্ঠেয় বার্ষিক সাধারণ সভা অথবা প্রয়োজনে বাজেট অনুমোদনের জন্য বিশেষ সাধারণ সভা অনুষ্ঠান করে অনুমোদন গ্রহণপূর্বক নিবন্ধকের অনুমোদন গ্রহণের লক্ষ্যে সমবায় সমিতিগুলোর জন্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো।

<u>নির্দেশনা</u>

1. প্রত্যেক সমবায় বর্ষ (জুলাই- জুন) শুরু হওয়ার আগেই উক্ত বর্ষের বার্ষিক বাজেট সমিতির অনুষ্ঠেয় বার্ষিক সাধারণ সভা অথবা প্রয়োজনে বাজেট অনুমোদনের জন্য বিশেষ সাধারণ সভা অনুষ্ঠান করে অনুমোদন গ্রহণপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধকের অনুমোদন গ্রহণ করতে হবে।
2. আগামী ২০২৩-২৪ বর্ষের বার্ষিক বাজেট ৩০ জুন ২০২৩ সময়ের মধ্যে সাধারণ সভায় এবং প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধকের অনুমোদন গ্রহণ করতে হবে।
3. ২০২২-২৩ বার্ষিক বাজেট জুন, ২০২৩ সময়ের মধ্যে সাধারণ সভায় (প্রয়োজনে বিশেষ সাধারণ সভায়) অনুমোদন গ্রহণ পূর্বক প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধকের অনুমোদন গ্রহণ করতে হবে। এই সুযোগ কেবলমাত্র ২০২২ -২৩ বর্ষের জন্য।
4. নির্ধারিত সময়ের পর বার্ষিক বাজেট দাখিলের সুযোগ নাই এবং নির্ধারিত সময়ের পর বার্ষিক বাজেট প্রস্তাব নিবন্ধক কর্তৃক অনুমোদনের সুযোগ নাই। নির্দেশনা লংঘনপূর্বক কোন জেলা সমবায় অফিসার বাজেট অনুমোদন প্রদান করলে অথবা বাজেট অনুমোদনে সমিতিকে হয়রানি করলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।
5. বাজেট অনুমোদন ব্যতিরেকে যে কোন ধরনের ব্যয় ব্যয়নকারী কর্মকর্তার ব্যক্তিগত দায় হিসাবে বর্তাবে, যা বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন ও ৮৩ ধারায় দায় নির্ধারণপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪-০৫-২০২৩
মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক
০২৫৮৮৮৫৫৫৪৬
jr.rajshahi@coop.gov.bd

সভাপতি/সম্পাদক, ................................................................. সমবায় সমিতি লি:, উপজেলা: ......................... জেলা: .........................।

**স্মারক নম্বর:** ৪৭.৬১.০০০০.২৪৩.২০.০০১.২০.১০৭৬/১ (৪)

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০
১৪ মে ২০২৩

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নিবন্ধক ও মহাপরিচালক, নিবন্ধক ও মহাপরিচালকের দপ্তর, সমবায় অধিদপ্তর। ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।;

২। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড;

৩। রাজশাহী বিভাগের জেলা সমবায় কর্মকর্তাগণ । তাঁর অধীন সকল সমবায় সমিতিকে বিতরণের অনুরোধসহ এবং

৪। উপজেলা সমবায় কর্মকর্তা (সকল), রাজশাহী বিভাগ, তাঁর অধীন সকল সমবায় সমিতিকে বিতরণের অনুরোধসহ।

১৪-০৫-২০২৩
মোঃ মোখলেছুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Dhaka 339 191113

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
উপজেলা সমবায় অফিস
বগুড়া সদর,বগুড়া।
www.cooperative.sadar.bogra.gov.bd

'' বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন''

স্মারক নম্বর: ৪৭.৬১.১০২০.০০০.৩৬.০০১.২০.৮৪

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: সমবায় সমিতির বার্ষিক বাজেট অনুমোদন প্রসংগে।**

সূত্র: ১। বিভাগীয় যুগ্ম-নিবন্ধক,রাজশাহী বিভাগ,রাজশাহী মহোদয়ের ১৪মে-২৩ খ্রিঃ তারিখের ১০৭৬ নং স্মারক পত্র মোতাবেক।
২। জেলা সমবায় অফিসার,বগুড়া মহোদয়ের ১৮মে-২৩ খ্রিঃ তারিখের ১৬৩৬ নং স্মারক পত্র মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে লক্ষ্য করা যাচ্ছে যে, বার্ষিক বাজেট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন না করেই সমিতির আর্থিক লেনদেন এবং বিনিয়োগ করা হচ্ছে। যা সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধীত২০২০) এর ১৮ বিধি মোতাবেক মোটেই কাম্য নয়। এ বিষয়ে যুগ্ম-নিবন্ধক, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয় স্বারক নং ১০৭৬, তারিখঃ ১৪/০৫/২৩ খ্রি. এর পত্রে গুরুত্বপূর্ন নির্দেশনা প্রদান করেছে (কপি সংযুক্ত)। পত্রের নির্দেশনা অনুযায়ী আগামী ৩০ শে জুন, ২০২৩ সময়ের মধ্যে বার্ষিক সাধারন সভা ( প্রয়োজনে বিশেষ সাধারন সভায়) বাজেট অনুমোদন করে তা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৯-০৫-২০২৩
মোঃ সালাহ উদ্দিন সিদ্দিক
উপজেলা সমবায় অফিসার

সভাপতি/সম্পাদক ........................................ . (সকল) সমবায় সমিতি লিঃ/ কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ,বগুড়া সদর,বগুড়া।, ।

**দৃষ্টি আকর্ষণ:**

বিভাগীয় যুগ্ম-নিবন্ধক, যুগ্ম নিবন্ধকের দপ্তর , বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী।

**স্মারক নম্বর:** ৪৭.৬১.১০২০.০০০.৩৬.০০১.২০.৮৪/১ (১)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৯ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**

১। জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, বগুড়া।

২৯-০৫-২০২৩
মোঃ সালাহ উদ্দিন সিদ্দিক
উপজেলা সমবায় অফিসার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) 47_61_0000_243_20_001_20_1076-2023-05-14-1684068402 (1)